রেজিস্ট্রারের কার্যালয়
Office of the Registrar

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

"শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ"

মুজিব বর্ষ 100

বাউবি/প্রশা(সাধা)/গবেষণা-৭৯(৪৮/১)/২০০০/৪১৫.

তারিখ : ০৬ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
২০ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

**ডিন/বিভাগীয় প্রধান/আঞ্চলিক পরিচালক (সকল)**

_____________________

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

_____________________।

বিষয় : **২০২১-২০২২ অর্থবছরে মুজিববর্ষে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা সম্পর্কিত গবেষণা প্রস্তাব আহ্বান প্রসঙ্গে।**

সূত্র : ৩৭.০০.০০০০.০৭৮.২০.০০১-২০১৮(অংশ-১)-০৫; তারিখ: ০৫ জানুয়ারি ২০২২।

**মহোদয়,**

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে মুজিববর্ষে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা সম্পর্কিত গবেষণা প্রস্তাব আহ্বান করা হয়েছে (কপি সংযুক্ত)। বিষয়টি আপনার স্কুল/ বিভাগ/ আঞ্চলিক কেন্দ্রে কর্মরত শিক্ষক-কর্মকর্তাগণকে অবহিতকরণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

নির্দেশক্রমে,

20/01/22

(মোঃ আব্দুল্লাহ আল কাফি)
**যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন)**

**অনুলিপি:** <u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-</u>

১. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। বিষয়টি বাউবি'র ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. একান্ত সচিব, প্রো-উপাচার্য (প্রশাসন)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. একান্ত সচিব, ট্রেজারার-এর দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. সহকারী পরিচালক, রেজিস্ট্রার-এর দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. সংশ্লিষ্ট নথি।

F:\Backup\Taposh Documents\17-Office.doc/ (203)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University

Dr. Md. Shafiqul Alam <registrar@bou.ac.bd>

# Advertisement

1 message

Advanced Research <advancedresearchbanbeis@gmail.com> Tue, Jan 18, 2022 at 12:22 PM
To: registrar@du.ac.bd, registrar@ru.ac.bd, registrar@bau.edu.bd, regtr@regtr.buet.ac.bd, registrarcu66@cu.ac.bd, registrar@juniv.edu, registrar@iu.ac.bd, registrar@sust.edu.bd, registrar@ku.ac.bd, registrar@nu.edu.bd, registrar@bou.ac.bd, registrar@bsmmu.edu.bd, registrar@bsmrau.edu.bd, registrarhstu@gmail.com, registrar@mbstu.ac.bd, registrar@pstu.ac.bd, registrar@sau.edu.bd, registrar@cuet.ac.bd, registrar@ruet.ac.bd, registrar@kuet.ac.bd, reg_duet@duet.ac.bd, registrarnstu@gmail.com, registrar@jnu.ac.bd, registrarcou@gmail.com, registrarcvasu@gmail.com, registrarsau2013@gmail.com, registrar@just.edu.bd, registrar@brurr.ac.bd, registrar@bup.edu.bd, registrar@bsmrstu.edu.bd, registrar@butex.edu.bd, regoffice@bsmrmu.edu.bd, iauregistr@gmail.com, rmu.registrar@gmail.com, registrar@rub.ac.bd, registrar@bdu.ac.bd, registrar@shu.edu.bd, registrar@kau.edu.bd, registrar@bsfmstu.ac.bd, registrar@bsmraau.edu.bd, registrar@bsmru.ac.bd, hau.registrar.office@gmail.com

--
Respected sir,
Assalamualikum. Please see the attachment and do the needful for uploading the advertisement in your university website.

URGENT

Sincerely yours
Kazi Eleas Uddin Ahmed
Specialist, Documentation
BANBEIS
Cell- 01714497113
Mail: eleasuddinkazi@yahoo.com
eleas65@gmail.com

**2 attachments**

**REGISTER SIR Letter.jpg**
620K

DD-2

**Education ministry cirular regarding development perception of Bangabandhu.pdf**
880K

AD(P)

UDA(P)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সরণী (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০৪.৩৩.০২০-২১ (পার্ট-৪) ৪৯৭৫

তারিখ : ২৯ পৌষ ১৪২৮ / ১৩ জানুয়ারি ২০২২

বিষয়: শিক্ষা মন্ত্রণালয় হতে ২০২১-২০২২ অর্থবছরে মুজিব বর্ষে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা সম্পর্কিত গবেষণা প্রস্তাব আহবান সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রচার

উপর্যুক্ত বিষয়ের আলোকে শিক্ষা মন্ত্রণালয় হতে ২০২১-২০২২ অর্থবছরে মুজিব বর্ষে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা সম্পর্কিত গবেষণা প্রস্তাব আহবান করে গত ০৬.০১.০২২২ তারিখে দৈনিক ইত্তেফাক, দৈনিক যুগান্তর ও ডেইলি অবজারভার পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। উক্ত বিজ্ঞপ্তিটি আপনার বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও অনুষদসমূহে অবগত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বিজ্ঞাপন-০১ পাতা

১৩/০১/২০২২

(হাবিবুর রহমান)
মহাপরিচালক, ব্যানবেইস
ও
সদস্য সচিব, বাছাই ও মনিটরিং কমিটি
ফোনঃ ৫৫১৫২১৬৩

রেজিস্ট্রার
............................................ বিশ্ববিদ্যালয়
..................................

অনুলিপি ঃ

(১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(২) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয় (শাখা-১)
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৮.২০.০০১.২০১৮ (অংশ-১)- ০৫ তারিখ: ২১ পৌষ ১৪২৮ / ০৫ জানুয়ারি ২০২২

# বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২১-২০২২ অর্থবছরে মুজিব বর্ষে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা সম্পর্কিত গবেষণা প্রস্তাব আহবান।**

বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা এবং বর্তমান সরকারের অর্জিত সাফল্য স্বীকৃত আন্তর্জাতিক গবেষণা জার্নালের মাধ্যমে বিশ্ব পরিমন্ডলে তুলে ধরার লক্ষ্যে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে সংরক্ষিত নির্ধারিত ফরমে গবেষণা প্রস্তাব আহবান করা যাচ্ছে।

২। বাংলাদেশের সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, স্নাতকোত্তর কলেজসমূহ, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, পাবলিক চিকিৎসা বিশ্ববিদ্যালয় এবং প্রকৌশল বিশ্ববিদ্যালয়সমূহের বিভিন্ন বিভাগে কর্মরত শিক্ষক/গবেষক উচ্চতর গবেষণা সহায়তার জন্য আবেদন করতে পারবেন।

৩। **গবেষণা সহায়তা প্রাপ্তির শর্তসমূহঃ-**

(ক) আবেদনকারীগণকে প্রাথমিক পর্যায়ে PCN (Project Concept Note) দাখিল করতে হবে;

(খ) মানসম্পন্ন দেশি, বিদেশি জার্নালে প্রকাশনা এবং গবেষণায় অভিজ্ঞতা সম্পন্ন আবেদনকারীদের অগ্রাধিকার দেয়া হবে;

(গ) আবেদনকারী গবেষক টীম/গবেষক যাঁর আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে প্রবন্ধ উপস্থাপনা বা অংশগ্রহণের অভিজ্ঞতা রয়েছে এমন আবেদনকারী প্রাধান্য পাবেন;

(ঘ) ন্যূনতম গবেষণা অবকাঠামো, চলমান গবেষণা সংখ্যা, গবেষণা প্রকাশনা এবং গবেষণা কর্মকান্ডের বৈদেশিক সংযোগমান সন্তোষজনক প্রতীয়মান হতে হবে;

(ঙ) গবেষণার বিষয়বস্তু বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা এবং বর্তমান সরকারের অর্জিত সাফল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে; এবং

(চ) গবেষণার বিষয়ে ইতোমধ্যে সাফল্য/নির্ভরযোগ্যতা/আশাব্যঞ্জক বুৎপত্তি (Achievement) অর্জন করেছেন এমন আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

৪। **আবেদনপত্র আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে পূরণ করে** আবশ্যিকভাবে PCN (Project Concept Note) **সহ অনলাইনে** http://www.gare2.banbeis.gov.bd/mujib-research লিংক এর **মাধ্যমে পাঠাতে হবে।** নির্ধারিত ফরম ছাড়া কিংবা নির্ধারিত সময়ের পর ও অসম্পূর্ণ কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনকারীকে গবেষণা প্রস্তাবের বিষয়বস্তুর গুরুত্ব, সাফল্য-সম্ভাবনা, গবেষণার আবশ্যকীয় বিষয়াদি ও গবেষণা খাতে ব্যয়ের যৌক্তিকতা পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রাথমিক বাছাই/জাতীয় স্টিয়ারিং কমিটির সম্মুখে প্রয়োজনে যথাসময়ে উপস্থাপন করতে হবে।

৫। গবেষণা সহায়তা কর্মসূচির যাবতীয় তথ্য সম্বলিত নীতিমালা ও PCN (Project Concept Note) ফরম http://www.gare2.banbeis.gov.bd/mujib-research লিংক হতে সংগ্রহ করা যাবে।

০৫/০১/২২

(মোঃ আব্দুল মতিন)
যুগ্ম-সচিব(অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৯৫৪৯১৭৬